**তারিখ:** 19/12/2016

## ব্যাঙ্কসমূহ প্রাক-2005 ব্যাঙ্কনোট জমা নেবে: আরবিআই-এর স্পষ্টীকরণ

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক এই ব্যাপারে স্পষ্টীকরণ ব্যক্ত করল যে ব্যাঙ্ক ₹ 500 এবং ₹ 1000 মূল্যমানের প্রাক-2005 ব্যাঙ্কনোট জমা নেবে কিন্তু সেগুলির পূনর্বন্টন (রি-ইস্যু) করবে না। কেবলমাত্র রিজার্ভ ব্যাঙ্কের কার্যালয়সমূহেই এই নোটগুলির বিনিময় করা যাবে।

ভারত সরকার কর্তৃক জারিকৃত **নভেম্বর 08, 2016 তারিখাঙ্কিত গেজেট নোটিফিকেশন নং. 2652** অনুযায়ী, নোটিফিকেশনটিতে উল্লেখিত সীমা পর্যন্ত রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক জারিকৃত বিদ্যমান সারণীর ₹ 500 এবং ₹ 1000 মূল্যমানের ব্যাঙ্কনোট (বিশেষভাবে উল্লেখিত ব্যাঙ্কনোট) গুলির আইনগত পেশযোগ্যতা নভেম্বর 09, 2016 থেকে কার্যকর ভাবে প্রত্যাহার করা হয়েছে। সেইহেতু, প্রাক-2005 ₹ 500 এবং ₹ 1000 মূল্যমানের ব্যাঙ্কনোটগুলিও এসবিএনসমূহের অন্তর্ভুক্ত হচ্ছে।।

ভারতীয় রিজার্ভ ব্যাংকের কাছে দেশের বিভিন্ন অংশের জনসাধারণের থেকে প্রশ্ন/অভিযোগ আসছিল যে বাণিজ্যিক ব্যাঙ্কসমূহ প্রাক-2005 ব্যাঙ্কনোট গ্রহণ করছে না, একারণে আরবিআই স্পষ্টীকরণটি জারি করল।

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আরও স্পষ্টীকরণ ব্যক্ত করল যে তার **জুন 30, 2016** তারিখে জারিকৃত নির্দেশবিধি অনুসারে, জনসাধারণের জন্য প্রাক-2005 ব্যাঙ্কনোট বিনিময়ের সুবিধা জুলাই 01, 2016-পরবর্তী সময়ে কেবলমাত্র রিজার্ভ ব্যাঙ্কের নিম্নোক্ত কার্যালয়গুলি থেকে পাওয়া যাচ্ছিল। যদিও এর অর্থ এটা নয় যে ব্যাঙ্কসমূহ গ্রাহকের অ্যাকাউন্টে জমা করার উদ্দেশ্যে প্রাক-2005 ব্যাঙ্কনোট মারফত আমানতরাশি গ্রহণ করতে পারবে না। প্রাক-2005 ব্যাঙ্কনোট বিনিময়ের সুবিধা রিজার্ভ ব্যাঙ্কের নিম্নোক্ত কার্যালয়গুলিতে পাওয়া যাচ্ছে: আহমেদাবাদ, বেঙ্গালুরু, বেলাপুর, ভোপাল, ভুবনেশ্বর, চন্ডীগড়, চেন্নাই, গুয়াহাটি, হায়দ্রাবাদ, জয়পুর, জম্মু, কানপুর, কলকাতা, লক্ষ্ণৌ, মুম্বই, নাগপুর, নিউ দিল্লী, পাটনা, থিরুবনন্তপুরম এবং কোচি।

**অজিত প্রসাদ**
সহায়ক উপদেষ্টা

**প্রেস** প্রকাশনী **: 2016-2017/1565**